

সংবাদ বিজ্ঞপ্তি

**ফেব্রুয়ারির প্রথম দিনে নোবিপ্রবিতে ‘ভাষা পদযাত্রা-২০২৩’ অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ভাষার মাস ফেব্রুয়ারির প্রথম দিনে ‘ভাষা পদযাত্রা-২০২৩’ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (০১ ফেব্রুয়ারি ২০২৩) নোবিপ্রবি বাংলা বিভাগের আয়োজনে পদযাত্রা কর্মসূচিতে উপস্থিত থেকে নেতৃত্ব দেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। পদযাত্রাটি নোবিপ্রবি প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

পদযাত্রায় আরও উপস্থিত ছিলেন, নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি, প্রক্টর ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস. এম. মাহবুবুর রহমান, বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এমডি মাসুদ রহমানসহ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বাংলা বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

পদযাত্রা শেষে ১৯৫২ সালের মহান ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধের শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন ও তাঁদের রক্তের মাগফিরাত কামনা করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

*R. Kader*

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।